



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১। কবি সুফিয়া কামাল হল

লিফটম্যান টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে ডিপ্লোমা/ট্রেডকোর্স পাশ হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	---

২। ফজলুল হক মুসলিম হল

(ক) প্রধান সহকারী টাঃ ১১৩০০-২৭৩০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ/সিজিপিএসহ স্নাতক পাশ হইতে হইবে। প্রার্থীকে অফিস সংশ্লিষ্ট কাজে ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটার প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
(খ) নিম্নমান সহকারী টাঃ -৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএ/সিজিপিএসহ স্নাতক পাশ হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

৩। সমাজবিজ্ঞান বিভাগ

উচ্চমান সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ-১১০০০-২৬৫৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে স্নাতক পাশসহ ২ বৎসরের কাজের যথাযথ অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
--	-----------	---

৪। রেজিস্ট্রারের অফিস

কেয়ারটেকার পদের বিপরীতে নিম্নমান সহকারী (অস্থায়ী) টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	--

আবেদনপত্রে কোন তথ্য গোপন থাকিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ২০-০৯-২০১৭ খ্রিষ্টাব্দ / ০৫-০৬-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র কবি সুফিয়া কামাল হলের প্রভোস্ট-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র ফজলুল হক মুসলিম হলের প্রভোস্ট-এর অফিসে, ক্রমিক-৩ এর আবেদনপত্র সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান-এর অফিসে এবং ক্রমিক-৪ এর আবেদনপত্র রেজিস্ট্রারের অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।


